দৈনিক
ইত্তেফাক

তারিখ 30 JAN 2017
পৃষ্ঠা ... কলাম ...

# নন-এমপিও শিক্ষকদের বেতন-ভাতা দাবি

■ ইত্তেফাক রিপোর্ট

দেশের সব নন-এমপিও নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতা প্রদানের দাবি জানিয়েছে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীরা। একই সঙ্গে তাদের চাকরিতে যোগদানের তারিখ থেকে বয়স গণনারও দাবি জানানো হয়েছে।

গতকাল রবিবার ঢাকা রিপোর্টার্স ইউনিটির মিলনায়তনে এক সংবাদ সম্মেলনে এ দাবি জানান বাংলাদেশ নন-এমপিও নিম্ন মাধ্যমিক শিক্ষক কর্মচারী ফোরাম। সংবাদ সম্মেলনে সংগঠনের কেন্দ্রীয় কমিটির সভাপতি মো. আনোয়ার হোসেন বলেন, নন-এমপিও শিক্ষক-কর্মচারীরা ১৫-১৬ বছর ধরে বেতন ছাড়াই সব ধরনের কার্যক্রম পরিচালনা করে আসছেন। এর নজির বিশ্বের কোনো দেশে নেই। এটা অমানবিক।

তিনি আরো বলেন, প্রাথমিক শিক্ষা অষ্টম শ্রেণি পর্যন্ত উন্নীত হলো। শুরুতে তখন আমরা আশাবাদী ছিলাম, এবার সুযোগ হয়েছে এমপিওভুক্ত হবার। আমরা শিক্ষামন্ত্রীর কাছে আবেদন করেছি। কিন্তু আজও তা বাস্তবায়ন হয়নি।

সংবাদ সম্মেলনে শিক্ষামন্ত্রীর উদ্দেশে আনোয়ার হোসেন বলেন, আমাদের জীবন ও পরিবার বাঁচাতে দ্রুত আমাদের বেতন-ভাতার ব্যবস্থা করুন।

সংবাদ সম্মেলনে সংগঠনের কেন্দ্রীয় কমিটির সাধারণ সম্পাদক মো. মোকারম হোসেন, সাংগঠনিক সম্পাদক মো. আলতাব হোসেন, অর্থ সম্পাদক খায়রুল আক্তার ফারুক প্রমুখ উপস্থিত ছিলেন।